

# আগামীকাল থেকে ঢাবিতে সব কার্যক্রম বন্ধ রাখার ঘোষণা

ঢাকা  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

৩০ জুন, ২০২৪  
১৬:১৭

শেয়ার

অ +

অ -



সার্বজনীন পেনশন স্কিমের প্রত্যয় স্কিম সংক্রান্ত প্রজ্ঞাপনকে বৈষম্যমূলক আখ্যায়িত করে এই প্রজ্ঞাপন প্রত্যাহার না করা পর্যন্ত আগামীকাল সোমবার (১ জুলাই) থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সব ক্লাস-পরীক্ষা, একাডেমিক কার্যক্রম,

কারিগরি সেবা বন্ধ থাকবে বলে ঘোষণা দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদ।

আজ রবিবার (৩০ জুন) দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের মূল ফটকে পূর্ণদিবস কর্মবিরতি উপলক্ষে আয়োজিত অবস্থান কর্মসূচিতে ও একই সময়ে অপরাজেয় বাংলার পাদদেশে ঢাবি কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ আয়োজিত এক মানববন্ধন থেকে এমন ঘোষণা দেওয়া হয়।

শিক্ষক সমিতির সর্বাত্মক আন্দোলনের কর্মসূচির মধ্যে রয়েছে : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব বিভাগের সব ক্লাস বন্ধ থাকবে। অনলাইন, সাক্ষ্যকালীন ক্লাস, শুক্র ও শনিবারের প্রফেশনাল কোর্সের ক্লাস বন্ধ থাকবে।

সব পরীক্ষা বর্জন করা হবে এবং মিডটার্ম, ফাইনাল ও ভর্তি পরীক্ষাসহ কোনো পরীক্ষা অনুষ্ঠিত হবে না। বিভাগীয় চেয়ারম্যান অফিস, সেমিনার, কম্পিউটার ল্যাব ও গবেষণাগার বন্ধ রাখবেন এবং একাডেমিক কমিটি, সমন্বয় ও উন্নয়ন কমিটি, প্রশ্নপত্র সমন্বয় সভা অনুষ্ঠিত হবে না। অনুষদের ডিনরা ডিন অফিস, ভর্তি পরীক্ষাসহ সংশ্লিষ্ট কার্যক্রম বন্ধ রাখবেন এবং নবীনবরণ অনুষ্ঠানের কর্মসূচি গ্রহণ করা যাবে না এবং কোনো সিলেকশন বোর্ডের সভা অনুষ্ঠিত হবে না। বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালকরা অফিস, ক্লাস ও পরীক্ষা বন্ধ রাখবেন এবং সাক্ষ্যকালীন, শুক্রবার ও শনিবারের ক্লাস বন্ধ থাকবে।

বিভিন্ন গবেষণাধর্মী সেন্টারের পরিচালকরা কোনো সেমিনার, কনফারেন্স ও ওয়ার্কশপের কর্মসূচি গ্রহণ করা থেকে বিরত থাকবেন। বিভিন্ন হলের প্রাধ্যক্ষরা প্রাধ্যক্ষ অফিস বন্ধ রাখবেন। প্রধান গ্রন্থাগারিক কেন্দ্রীয় লাইব্রেরি বন্ধ রাখবেন।

কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদের মানববন্ধন থেকে পরিষদের নেতৃবৃন্দরা ঘোষণা করেন এই বৈষম্যমূলক প্রত্যয় স্কিম বাতিল না করলে আগামীকাল থেকে ঢাবির সকল কারিগরি সেবা বন্ধ রাখবেন।

বিদ্যুৎ থাকবে না, পানি থাকবে না এবং পরিচ্ছন্ন কর্মীরা তাদের কাজ করবে না। অফিসের সকল কাজ বন্ধ থাকবে।